রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০১৯

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৬৫—১৭৬ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭—৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৯১—৩১০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৮৫—২০৬৩ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**পরিকল্পনা কোষ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ পৌষ ১৪২৫/০৬ জানুয়ারি ২০১৯

**নং ০৫.০০.০০০০.২৩৯.১৮.০০১.২০১৮.০৭**—বাংলাদেশ সরকারের (জিওবি)'র অর্থায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে অনুমোদিত প্রকল্প দলিল অনুসারে যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, ফার্নিচার, স্টেশনারি, বিবিধ ও অন্যান্য সেবা ক্রয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) উপসচিব (পরিকল্পনা)

**সদস্য**

(২) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৩) উপসচিব (পরিকল্পনা কোষ-২) ও সহকারী প্রকল্প পরিচালক

২। **গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(i) The Committee will examine and follow the procedures and recommend for procurement of goods and services for the project.

(ii) TEC will suggest the PIO and the Project Steering Committee on the technical issues relating to procurement.

(iii) The Committee will monitor if there is any deviation from the standard procedures of the procurement as per PPA 2008.

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম আবদুল্লাহ আল মামুন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কর প্রশাসন-১ শাখা]**

**শোক প্রস্তাব**

তারিখঃ ১৮ মাঘ ১৪২৫/৩১ জানুয়ারি ২০১৯

**নং ০৮.০১.০০০০.০১৯.০৫.০১৬.০৫/৮১**—২৪তম বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা মরহুম মোহাম্মদ মাহমুদুল হক, সাবেক উপ কর কমিশনার, কর সার্কেল-৩০ (কোম্পানীগঞ্জ), কর অঞ্চল-২, ঢাকা চিকিৎসাধীন অবস্থায় বিগত ২৫-০৭-২০১৭ খ্রিঃ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী (শামীমা শারমীন), ০১(এক) পুত্র(মুহতাসির মাহমুদ হক) এবং ০১(এক) কন্যা (নুহাইসা মাহমুদ হক) সন্তান রেখে যান। তাঁর জন্ম তারিখ : ২০-১১-১৯৭৩ খ্রিঃ। মৃত্যুকালে তিনি গ্রেড-৫ এর একজন কর্মকর্তা ছিলেন।

আমি তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
ও
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

---

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**আদেশ**

তারিখঃ ২৪ মাঘ ১৪২৫/০৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ২৮.০৫.০০০০.০১২.২৮.০০৮.১৬-৪৯**—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র কর্মচারীদের অভিন্ন বেতন স্কেলের একই পদের পদনামের গড়মিল ও প্রশাসনিক জটিলতা এড়ানো লক্ষ্যে অনুমোদিত নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুযায়ী নিম্নলিখিত ৩টি পদের পদনাম পরিবর্তনের মঞ্জুরী আদেশ জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নং | বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|
| ১. | স্টোর্স অফিসার (বগুড়ার জন্য) | স্টোর অফিসার | অভিন্ন |
| ২. | সহকারী স্টোর কিপার (সিনিয়র) | স্টোর কিপার | অভিন্ন |
| ৩. | ড্রাইভার গ্রেড-৩ | ড্রাইভার গ্রেড-২ | অভিন্ন |

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-০৫-২০১৮ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৫০.১৫.০০১.১৭-৬৪ মূলে এবং অর্থ বিভাগের ২৭-১১-২০১৮ তারিখের স্মারক নং ০৭.০১৫৬.০১২.০৩. ০১.০১.২০০৯-৫৯৮ মূলে সম্মতি প্রদান করা হয়েছে।

৩। মঞ্জুরীপত্র জারির পূর্বে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি গ্রহণ করা হয়েছে।

**মোঃ আঃ খালেক মল্লিক**
উপসচিব।

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৯

**নং বিচার-৭/২এন-১০৪/৮৭-৫৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আবুল হাসেম, পিতা-মোঃ ডালু মুন্সী, মাতা-মৃত মোসাঃ খাদিজা, গ্রাম-গোবিন্দশ্রী, ডাকঘর-গোবিন্দশ্রী, উপজেলা-মদন, জেলা-নেত্রকোনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার মদন উপজেলা ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ০৪ মাঘ ১৪২৫/১৭ জানুয়ারি ২০১৯

**নং আর-৬/৭এন-৭৭/২০১৮-৬২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব প্রদীপ কুমার দাস, পিতাঃ মৃত বিনয় কুমার দাস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৯

**নং বিচার-৭/২এন-০৩/৭২-৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে কাজী মোহাম্মদ হেদায়েত উল্লাহ, পিতা-কাজী আহছান উল্লাহ, মাতা-হোসনে আরা বেগম, গ্রাম-উত্তর কুহুমা, ডাকঘর-কুহুমা শান্তি বাজার, উপজেলা-ছাগলনাইয়া, জেলা-ফেনী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা ০৮নং রাধানগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ: ১৫ মাঘ ১৪২৫/২৮ জানুয়ারি ২০১৯

**নং আর-৬/৭এন-৮১/২০১৮-৭৮**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব নাছরীন আক্তার, স্বামী-মোঃ আনিসুর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ০৮ মাঘ ১৪২৫/২১ জানুয়ারি ২০১৯

**নং আর-৬/৭এন-৮০/২০১৮-৭১**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শিউলী সুলতানা, পিতাঃ শেখ আলতাব উদ্দিন আহমদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ০৯ মাঘ ১৪২৫/২২ জানুয়ারি ২০১৯

**নং আর-৬/৭এন-৬৩/২০১৮-৭৫**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ শহীদুল ইসলাম, পিতাঃ মরহুম হাজী মোঃ আব্দুল ছত্তার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ১৫ মাঘ ১৪২৫/২৮ জানুয়ারি ২০১৯

**নং আর-৬/৭এন-৭২/২০১৮-৭৬**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ভোলা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মাসফিকুর রহমান, পিতাঃ মরহুম অ্যাডঃ সফিউর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই

সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৮২/২০১৮-৭৭**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মাসুম রেজা, পিতাঃ মরহুম এ, কে, এম এনায়েত রসুল-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্যসম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-১ শাখা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০৩ ফেব্রুয়ারি ২০১৯

**নং ২৬.০০.০০০০.১০০.৪২.০০৪.১৭-২১**—এতদ্বারা, রপ্তানি নীতি ২০১৮—২০২১ এর ৮.১২ উপানুচ্ছেদের আলোকে 'কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য (Agro and Agro Processed Products)'-কে 'বর্ষ পণ্য-২০১৯ (Product of the Year-2019)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**পার্সোনেল সেবা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ মাঘ ১৪২৫/১৬ জানুয়ারি ২০১৯

**নং ৫৬.০০.০০০০.০১৫.১৮.০০৪.১৯-৪৮**—সরকার এতদ্বারা ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ৫(১) ধারা অনুযায়ী ১ (এক) মহাপরিচালক ও ২ (দুই) জন পরিচালকের সমন্বয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন 'ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' নামে একটি এজেন্সি গঠন করিল।

২। ইহা ২১ অগ্রহায়ণ ১৪২৫/০৫ ডিসেম্বর ২০১৮ তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জুয়েনা আজিজ**
সচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**কোম্পানী-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ মাঘ ১৪২৫/০৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০০৩.১১(অংশ-৩).৭৫**—যেহেতু, জনাব মোক্তাফি মাহমুদ শাহ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর ১১-০৯-২০১০৩ খ্রিঃ তারিখ হতে ২১-১১-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বিটিসিএল এর উপবিভাগীয় প্রকৌশলী (বিদ্যুৎ ও ইমারত), রংপুর পদে কর্মরত ছিলেন এবং ২২-১০-২০১৩ খ্রিঃ তারিখ হতে ০৪-০৫-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসেবে বিভাগীয় প্রকৌশলী (বিদ্যুৎ ও ইমারত) পদে রংপুর টেলিযোগাযোগ অঞ্চলে কর্মরত থাকাকালে রংপুর স্টোর থেকে বিপুল পরিমাণ অর্থের ক্যাবল গায়েব এর বিষয়ে বিটিসিএল কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয় এবং উক্ত তদন্ত কমিটির ১৫-০১-২০১৭ তারিখের দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়;

যেহেতু, প্রধান কর্মাধ্যক্ষ, রংপুর টেলিযোগাযোগ অঞ্চল কর্তৃক ১৮-১০-২০১৬ খ্রিঃ তারিখে স্টোর পরিদর্শনের সময় ক্যাবল খোয়া/চুরি যাওয়ার বিষয়টি উদঘাটিত হওয়ায় দীর্ঘ দুই মাস পরেও জনাব মোক্তাফি মাহমুদ শাহ খোয়া/চুরি যাওয়া ক্যাবলের বা মালামালের তালিকা তৈরি করেননি এবং এ ব্যাপারে আইনগত কোন ব্যবস্থা গ্রহণ করেননি, এমন কি বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকেও অবহিত করেননি;

যেহেতু, ক্যাবল স্টোরের চাবি সংরক্ষণের দায়িত্ব বিভাগীয় প্রকৌশলী হিসেবে জনাব মোক্তাফি মাহমুদ শাহ এর ছিল, যা তিনি অন্য কর্মকর্তা/কর্মচারীকে দিয়ে চরম উদাসীনতার প্রদর্শন করে বিপুল পরিমাণ ক্যাবল চুরির পর স্টোর ব্যালেন্স ঠিক রাখার স্বার্থে অনেক ভুয়া ভাউচার ইস্যু করেছেন এবং ইস্যুকৃত কিছু ভাউচার কাটাকাটি করে ক্যাবলের পরিমাণ এবং সাইজ পরিবর্তন করেছেন;

যেহেতু, জনাব মোক্তাফি মাহমুদ শাহ এর দায়িত্ব ছিল ক্যাবল স্টোর, লেজার সঠিকভাবে সংরক্ষণ ও ইস্যুকৃত ভাউচার ব্যবস্থাপনা, কিন্তু তদন্ত প্রতিবেদন অনুযায়ী ক্যাবল স্টোরের চরম অব্যবস্থাপনা, লেজার সংরক্ষণে অসংগতি ও ইস্যুকৃত ভাউচার এর Manipulation এর দায় জনাব মোক্তাফি মাহমুদ শাহ এর উপর বর্তায়;

যেহেতু, গেইটের উপরে মেইন বিল্ডিং এর সাথে স্থাপিত ক্লোজড সার্কিট ক্যামেরাটি ২০১৩ সালে অকার্যকর হলেও জনাব মোক্তাফি মাহমুদ শাহ, উপ-বিভাগীয় প্রকৌশলী (বিদ্যুৎ ও ইমারত) এবং বিভাগীয় প্রকৌশলী (বিদ্যুৎ ও ইমারত) এর দায়িত্বে থাকা সত্ত্বেও উক্ত ক্যামেরা মেরামতের ব্যবস্থা গ্রহণ করেন নি;

যেহেতু, জনাব মোক্তাফি মাহমুদ শাহ এর এহেন কার্যকলাপ কর্তব্যে চরম অবহেলা ও গাফিলতি প্রদর্শনের শামিল যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর শামিল;

যেহেতু, বিবেচ্য অপরাধে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গত ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে জারিপূর্বক তাকে ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং যেহেতু জনাব মোক্তাফি মাহমুদ শাহ অভিযোগনামার প্রেক্ষিতে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন; যেহেতু তার ব্যক্তিগত শুনানী গত ০৫-১১-২০০১৭ খ্রিঃ তারিখে গ্রহণ করা হয়; এবং যেহেতু তার কারণ দর্শানো নোটিশের জবাব ও ব্যক্তিগত শুনানী প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী "চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal form service)" দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং; যেহেতু তাকে ১১-০১-২০১৮ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তার ২য় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক গুরুদণ্ড অর্থাৎ "চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal form service)" দণ্ড আরোপের নিমিত্ত গত ১৪-০৬-২০১৮ খ্রিঃ তারিখের বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়; এবং যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের (বিপিএসসি) ১৪-১১-২০১৮ খ্রিঃ তারিখে ৮০.১০১.০৩৪.০৮.১৪. ০০৮.২০১৮.৩৭১ নং স্মারকে বর্ণিত কর্মকর্তাকে "চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal form service)" দণ্ড আরোপের বিষয়ে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, জনাব মোক্তাফি মাহমুদ শাহ, বিসিএস (টেলিকম) ক্যাডারের কর্মকর্তা বিধায় তাকে "চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal form service)" দণ্ড আরোপের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ করা হয়েছে;

সেহেতু, জনাব মোক্তাফি মাহমুদ শাহ, সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিচারিক কার্যক্রমের ধারাবাহিকতায় ২০১৮ সালে সংশোধিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালায় ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal form service)" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অশোক কুমার বিশ্বাস**
ভারপ্রাপ্ত সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২১ মাঘ পৌষ ১৪২৫/৩ ফেব্রুয়ারি ২০১৯

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১)-৩৬**—State Acqisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)- এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | পাল্লা | ২২ | ঝিকরগাছা | যশোর |
| ২ | বামনালী | ৭৪ | ঝিকরগাছা | যশোর |
| ৩ | বাদে নাভারণ | ১১০ | ঝিকরগাছা | যশোর |
| ৪ | দেউলিয়া | ১৪১ | ঝিকরগাছা | যশোর |
| ৫ | হরিশপুর | ১৬ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| ৬ | সোলেমানপুর | ১১ | মহেশপুর | ঝিনাইদহ |
| ৭ | ঝিটকিপোতা | ১৪ | মহেশপুর | ঝিনাইদহ |
| ৮ | জেলেপোতা | ৩৯ | মহেশপুর | ঝিনাইদহ |
| ৯ | হুদাদুর্গাপুর | ৮২ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১০ | পোড়াদহ | ৮৯ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১১ | নস্তি | ৯৬ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১২ | আজমপুর | ১৩৯ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১৩ | মালাধরপুর | ১৪০ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১৪ | মদনপুর | ১৪৪ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১৫ | বিদ্যাধরপুর | ১৪৫ | মহেশপুর | ঝিনাইদহ |
| ১৬ | মান্দারবাড়িয়া | ১৫০ | মহেশপুর | ঝিনাইদহ |

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.০০৬.১৭-৩৭**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | ধর্মপুর | ১ | খানসামা | দিনাজপুর |
| ২ | জয়গঞ্জ | ৩ | খানসামা | দিনাজপুর |
| ৩ | সাজাপুর | ৪ | খানসামা | দিনাজপুর |
| ৪ | চন্ডিপুর | ৫ | খানসামা | দিনাজপুর |
| ৫ | উত্তর বালাপাড়া | ৬ | খানসামা | দিনাজপুর |
| ৬ | দুয়ানী কাশিমনগর | ৮ | খানসামা | দিনাজপুর |
| ৭ | বেলপুকুর | ১৫ | খানসামা | দিনাজপুর |
| ৮ | শুড়িগাঁও | ৪৯ | খানসামা | দিনাজপুর |
| ৯ | চাকনিয়া | ৫০ | খানসামা | দিনাজপুর |
| ১০ | বলরামপুর | ২ | হাকিমপুর | দিনাজপুর |
| ১১ | ঘাসুরিয়া | ১৩ | হাকিমপুর | দিনাজপুর |
| ১২ | লাটীপুর | ৪২ | হাকিমপুর | দিনাজপুর |
| ১৩ | সেখপুর | ৪৩ | হাকিমপুর | দিনাজপুর |
| ১৪ | হরিহরপুর | ৫৫ | হাকিমপুর | দিনাজপুর |
| ১৫ | সৈয়দপুর | ১ | কাহারোল | দিনাজপুর |
| ১৬ | চামদুয়ারী | ৪ | কাহারোল | দিনাজপুর |
| ১৭ | ডুড়িয়া | ৫ | কাহারোল | দিনাজপুর |
| ১৮ | বলেয়া | ১৬ | কাহারোল | দিনাজপুর |
| ১৯ | ভাঁচল | ২৯ | কাহারোল | দিনাজপুর |
| ২০ | মালিহাটা | ৪৮ | কাহারোল | দিনাজপুর |
| ২১ | কামইর | ৪৯ | কাহারোল | দিনাজপুর |
| ২২ | কাঠালিয়া | ৫১ | কাহারোল | দিনাজপুর |
| ২৩ | বিক্রমপুর | ১২৮ | কাহারোল | দিনাজপুর |
| ২৪ | আরাজী মদন সাঁকো | ১২ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ২৫ | মদাতী | ৮৯ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ২৬ | চক মহাদেব | ১৩৭ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ২৭ | বুজরুক গঙ্গাপুর | ৮৩ | বিরামপুর | দিনাজপুর |
| ২৮ | উত্তর ভগবতিপুর | ৯১ | বিরামপুর | দিনাজপুর |

তারিখ : ২৮ মাঘ পৌষ ১৪২৫/১০ ফেব্রুয়ারি ২০১৯

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৪.০০৩.১৮.৪২**—১৯৩৫ সনের বেঙ্গল সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ বিধিমতে নিম্নোক্ত মৌজার গঠন ও নামকরণের প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদন করা হইয়াছে।

| ক্রম | জেলা | উপজেলা | প্রস্তাবিত মৌজার নাম | | প্রস্তাবিত জে.এল নং | এরিয়া (আনুমানিক) | | দিয়ারা সেটেলমেন্ট, ঢাকার মিস কেইস নং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাংলায় | ইংরেজিতে | | একর | বর্গমাইল | |
| ১. | সিরাজগঞ্জ | বেলকুচি | চর বয়রা মাসুম | Char Baira Masum | ১১০ | ১২৬.০০ | ০.২০ | ০১/২০১৮ |

তারিখ : ২১ মাঘ পৌষ ১৪২৫/৩ ফেব্রুয়ারি ২০১৯

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.১৫৭.১০(অংশ-১)-৩৮**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)- এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পার হরিণা | ২৪ | পীরগঞ্জ | রংপুর | |
| ২ | খিরারপাড়া | ৩৯ | পীরগঞ্জ | রংপুর | |
| ৩ | হরনাথপুর | ৪৯ | পীরগঞ্জ | রংপুর | |
| ৪ | জোত দিলাল | ১১৮ | পীরগঞ্জ | রংপুর | |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫ | দিগদিয়ারী | ১২৮ | পীরগঞ্জ | রংপুর | |
| ৬ | সাহাজাদপুর | ১৩৩ | পীরগঞ্জ | রংপুর | |
| ৭ | ঢোরাকান্দর | ১৩৭ | পীরগঞ্জ | রংপুর | |
| ৮ | দরগা সাহাপুর | ১৩৮ | পীরগঞ্জ | রংপুর | |
| ৯ | জয়পুর | ২৯৮ | পীরগঞ্জ | রংপুর | |
| ১০ | বান্দেরপাড়া | ৩১ | মিঠাপুকুর | রংপুর | |
| ১১ | একডালা | ৬৬ | মিঠাপুকুর | রংপুর | |
| ১২ | মরিচবাড়ী রামেশ্বরপুর | ৮৩ | মিঠাপুকুর | রংপুর | |
| ১৩ | অভিরামপুর নুরপুর | ১৭৫ | মিঠাপুকুর | রংপুর | |
| ১৪ | খোর্দ্দ নুরপুর | ৩০১ | মিঠাপুকুর | রংপুর | |
| ১৫ | উত্তর বড়ভিটা | ৭ | কিশোরগঞ্জ | নিলফামারী | |
| ১৬ | বগুলাগারী | ২৩ | কিশোরগঞ্জ | নিলফামারী | |
| ১৭ | আরাজী চাঁদখানা | ৩৮ | কিশোরগঞ্জ | নিলফামারী | |
| ১৮ | পশ্চিম দলিরাম | ৫২ | কিশোরগঞ্জ | নিলফামারী | |
| ১৯ | মণিরাম | ৫৭ | কিশোরগঞ্জ | নিলফামারী | |
| ২০ | পশ্চিম শিমুলবাড়ী | ২০ | জলঢাকা | নিলফামারী | |
| ২১ | হাড়োয়া শিমুলবাড়ী | ২১ | জলঢাকা | নিলফামারী | |
| ২২ | বাঁশদহ | ২৩ | জলঢাকা | নিলফামারী | |
| ২৩ | কালকেওট | ৩২ | জলঢাকা | নিলফামারী | |
| ২৪ | সতীঘাট | ৬৩ | জলঢাকা | নিলফামারী | |
| ২৫ | বালাপাড়া | ৬৬ | জলঢাকা | নিলফামারী | |
| ২৬ | আটবিল দর্পলস্কর | ৩৪ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ২৭ | খামার গোবিন্দরাম | ৩৭ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ২৮ | কিসমত চুয়াদাড়া | ৪৪ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ২৯ | কাউনিয়া তালুক | ৫৬ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ৩০ | রাজপুর | ৬২ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ৩১ | রহমতপুর | ৮ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩২ | আজিজপুর | ১২ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৩ | রাধানাথ | ১৪ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৪ | ভোটহাটখাতা | ২০ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৫ | কুচলিবাড়ী | ৩১ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৬ | জোংড়া | ৩৮ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৭ | ইসলামাবাদ | ৪১ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৮ | জমগ্রাম | ৪৩ | পাটগ্রাম | লালমনিরহাট | ছিটমহল |
| ৩৯ | দুড়ারকুটী | ১০ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪০ | পূর্ব্ব ভেলাবাড়ী | ১২ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪১ | সাপ্টীবাড়ী | ১৬ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪২ | তালুক হরিদাস | ১৭ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৩ | মসর দলজোর | ১৯ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৪ | পশ্চিম ভেলাবাড়ী | ২১ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৫ | খারুভাজ | ৩১ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৬ | সরল খাঁ | ৩৫ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৭ | দক্ষিণ বত্রিশ হাজারী | ৩৯ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৮ | তালুত পলাশী | ৪৯ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৪৯ | মহিষখোচা | ৫১ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৫০ | দক্ষিণ বালাপাড়া | ৫৩ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৫১ | আরাজী ছালাপাক | ৫৫ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৫২ | গোবর্দ্ধন | ৫৬ | আদিতমারী | লালমনিরহাট | |
| ৫৩ | উত্তর গোতামারী | ৫০ | হাতীবান্ধা | লালমনিরহাট | ছিটমহল |
| ৫৪ | পুড়ার চর | ৯ | রৌমারী | কুড়িগ্রাম | |
| ৫৫ | কলাবাড়ী | ২৪ | রৌমারী | কুড়িগ্রাম | |
| ৫৬ | মমিন | ৪৯ | রাজারহাট | কুড়িগ্রাম | |

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫৭ | দিগদারী ভবানীপুর | ২৯ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ৫৮ | বড়বাড়ী | ৪৯ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ৫৯ | কুমেদপুর | ৭৩ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ৬০ | গুনাই গাছ | ৬৩ | উলিপুর | কুড়িগ্রাম | |
| ৬১ | থানা | ৭ | চিলমারী | কুড়িগ্রাম | |
| ৬২ | মুদাফত থানা | ১৩ | চিলমারী | কুড়িগ্রাম | |
| ৬৩ | দাসিয়ারছড়া | ৫১ | ফুলবাড়ী | কুড়িগ্রাম | ছিটমহল |
| ৬৪ | বল্লমঝাড় | ১৯ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৬৫ | আরিপখাঁ বাসুদেবপুর | ৬২ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৬৬ | ধোপাডাঙ্গা | ৬৪ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৬৭ | দক্ষিণ হরিনসিংহা | ৬৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৬৮ | তিনদহ | ৬৮ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৬৯ | কিসমত গোপালপুর | ৭২ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭০ | গোয়াইলবাড়ী | ৭৩ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭১ | চুনিয়াকান্দী | ৭৭ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭২ | রিফাইতপুর | ৭৮ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৩ | খামার বোয়ালী | ৮১ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৪ | থানসিংপুর | ৮৫ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৫ | খামার চান্দেরভিটা | ৮৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৬ | জোত গৌরসরকার | ৮৮ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৭ | তরফকাল | ৯২ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৮ | উত্তর হরিণসিঙ্গা | ৯৩ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৭৯ | জোত দোকরিসং | ৯৪ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৮০ | কনকরায় | ৯৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৮১ | হাসধরা | ১২৯ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৮২ | সীতাসুতি | ১৩৪ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | |
| ৮৩ | সানকীভাঙ্গা | ৭ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৪ | ময়মন্তপুর | ১৫ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৫ | চকচকিয়া | ২৪ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৬ | কোয়ালিকান্দি | ৫৮ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৭ | হাটবাড়ী | ৬১ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৮ | পাছ গড়গড়িয়া | ৭০ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৮৯ | কিঙ্করপুর | ৭৩ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৯০ | সুজালপুর | ৮২ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৯১ | গুয়াবাড়ী | ৯২ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৯২ | গোবিন্দপুর | ৯৫ | সাঘাটা | গাইবান্ধা | |
| ৯৩ | মনমথ | ১০ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা | |
| ৯৪ | শিবরাম | ২০ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা | |
| ৯৫ | রছুলপুর | ৫১ | সাদুল্যাপুর | গাইবান্ধা | |
| ৯৬ | আরাজি তরফ কামাল | ৫২ | সাদুল্যাপুর | গাইবান্ধা | |
| ৯৭ | কাতলামারী | ২৭ | ফুলছড়ি | গাইবান্ধা | |
| ৯৮ | রতনপুর | ৩৬ | ফুলছড়ি | গাইবান্ধা | |
| ৯৯ | মংলিশপুর | ১৯ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ১০০ | বাহিরডাঙ্গা | ৬১ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ১০১ | ছোট শিমুলতলা | ৬৬ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ১০২ | জগরজানী | ৬৭ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ১০৩ | পারইল | ৫৫ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ১০৪ | বিল পুরন্দর | ১৮৯ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**শোক প্রস্তাব**

তারিখ : ২৪ মাঘ ১৪২৫/০৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং প্রম-২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১.৪২।**—বাংলাদেশ বিমানবাহিনীর উইং কমান্ডার আরিফ আহমেদ দিপু, পিএসসি (বিডি/৮৬৬৭), জিডি(পি), ২৩ নভেম্বর ২০১৮ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় রসুলপুর ফায়ারিং রেঞ্জ, ময়মনসিংহ-এ মর্মান্তিক বিমান দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

২। বাংলাদেশ বিমানবাহিনীর উইং কমান্ডার আরিফ আহমেদ দিপু, পিএসসি (বিডি/৮৬৬৭), জিডি(পি) চাকরিজীবনে সৎ ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উইং কমান্ডার আরিফ আহমেদ দিপু, পিএসসি (বিডি/৮৬৬৭), জিডি(পি)-এর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারাহ্ শাম্মী**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪২৫/৪ ফেব্রুয়ারি ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৬০.২৩.০২২.১৬(অংশ)/৫২**—নির্দেশক্রমে বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত ৩৬(ছত্রিশ) জন নৌসদস্যকে বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতস্বরূপ তাঁদের নামের পাশে বর্ণিত শান্তিকালীন পদক, নির্ধারিত এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ১ | রিয়ার এডমিরাল এম শাহীন ইকবাল, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (পি নং ৩০৭) | নৌবাহিনী পদক |
| ২ | রিয়ার এডমিরাল এম লোকমানুর রহমান, এনজিপি, এনডিইউ, পিএসসি (পি নং ৫১২) | নৌবাহিনী পদক |
| ৩ | কমডোর এ কে এম আফজাল হোসেন, (সি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৮৫৪) | অসামান্য সেবা পদক |
| ৪ | কমান্ডার এম শামসুল হক, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ১১৪২) | অসামান্য সেবা পদক |
| ৫ | মরহুম লেঃ কমান্ডার মোঃ ফিরোজ কবীর, (জি), বিএন (পি নং ৮৫৩) | অসামান্য সেবা পদক |
| ৬ | মরহুম ইঃ লেঃ কমান্ডার মোঃ আশরাফ সিদ্দিকী, বিএন (পি নং ১৮২০) | অসামান্য সেবা পদক |
| ৭ | মরহুম মোঃ নুরুল ইসলাম, লিডিং সীম্যান (সিডি-২), সঃ সংখ্যাঃ ৮৯০১৯২) | অসামান্য সেবা পদক |
| ৮ | কমডোর এম মঈনুল হাসান, (এনডি), এনসিসি, পিএসসি, বিএন (পি নং ৮০৬) | বিশিষ্ট সেবা পদক |
| ৯ | ক্যাপ্টেন সৈয়দ সাইফ-উল ইসলাম, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৯৭৯) | বিশিষ্ট সেবা পদক |
| ১০ | কমান্ডার এম ইকবাল (এল), পিএসসি, বিএন (পি নং ১১৫৪) | বিশিষ্ট সেবা পদক |
| ১১ | মরহুম লেঃ কমান্ডার মোহাম্মদ মোজাক্কির হোসেন খান, (এক্স), বিএন (পি নং ১৬৫৪) | বিশিষ্ট সেবা পদক |
| ১২ | ক্যাপ্টেন শেখ ফিরোজ আহমেদ, (এইচ ১), পিএসসি, বিএন (পি নং ১০০৬) | নৌ গৌরব পদক |
| ১৩ | মোঃ মোখলেছুর রহমান, এমসিপিও (এক্স), সঃ সংখ্যা ৮৭০০০৪ | নৌ গৌরব পদক |
| ১৪ | এম ফজল হক, এমসিপিও (এক্স) (সিডি), সঃ সংখ্যা ৮৮০২৩৯ | নৌ গৌরব পদক |
| ১৫ | এম গাজী বেপারী, এসসিপিও (এক্স) (সিডি), সঃ সংখ্যা ৯১০১৯৮ | নৌ গৌরব পদক |
| ১৬ | এম জি মোস্তফা, এসসিপিও (এক্স), সঃ সংখ্যা ৯৩০১১০ | নৌ গৌরব পদক |
| ১৭ | আব্দুল আউয়াল সিকদার, এলএস (সিডি-১), সঃ সংখ্যা ৯৭০১১৮ | নৌ গৌরব পদক |
| ১৮ | ক্যাপ্টেন এ এইচ এম রফিকুল ইসলাম, (ই), পিএসসি, বিএন (পি নং ১০৪৪) | নৌ উৎকর্ষ পদক |
| ১৯ | ক্যাপ্টেন এম মেজবাহ্ উদ্দিন, (এল), পিএসসি, বিএন (পি নং ৯৭০) | নৌ উৎকর্ষ পদক |
| ২০ | কমান্ডার মোহাম্মদ শফিকুর রহমান, (এস), পিএসসি, বিএন (পি নং ৯০০) | নৌ উৎকর্ষ পদক |
| ২১ | কমান্ডার এস এম মনিরুজ্জামান, (এল), পিএসসি, বিএন (পি নং ১১২৮) | নৌ উৎকর্ষ পদক |

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ২২ | কমান্ডার আরাফাত ইসলাম, (এনডি), পিসিজিএম, বিএন (পি নং ১১৯১) | নৌ উৎকর্ষ পদক |
| ২৩ | লেঃ কমান্ডার এম জাহিদুল ইসলাম, (এস), বিএন (পি নং ১৮৩৩) | নৌ উৎকর্ষ পদক |
| ২৪ | অঃ সাঃ লেঃ মোঃ আব্দুল জলিল, (ই), বিএন (পি নং ৩১৬৫) | নৌ উৎকর্ষ পদক |
| ২৫ | এম এ মামুন, চীফআরইএ, সঃ সংখ্যা ৮৬০৪৫১ | নৌ উৎকর্ষ পদক |
| ২৬ | খন্দকার জাহাঙ্গীর আলম, এসসিপিও (এক্স) (সিডি-১), সঃ সংখ্যা ৯২০৫১১ | নৌ উৎকর্ষ পদক |
| ২৭ | এম রাকিবুজ্জামান, ইএ-১, সঃ সংখ্যা ২০১২০০০৭ | নৌ উৎকর্ষ পদক |
| ২৮ | কমডোর এম শাহজাহান, (এন), এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৫৬৮) | নৌ পারদর্শিতা পদক |
| ২৯ | কমান্ডার এম আব্দুল কাদের, (ই), পিএসসি, বিএন (পি নং ১১৩৯) | নৌ পারদর্শিতা পদক |
| ৩০ | কমান্ডার রাকীব এম হাবীব, (সি), পিএসসি, বিএন (পি নং ১৩৮৫) | নৌ পারদর্শিতা পদক |
| ৩১ | এম এ জামান, এমসিপিও (এক্স) (সিডি-১) (এনসিটি), সঃ সংখ্যা ৮৪০৬৫৬ | নৌ পারদর্শিতা পদক |
| ৩২ | এস এম বাবর, এমসিপিও (আর), সঃ সংখ্যা ৮৫০২৮১ | নৌ পারদর্শিতা পদক |
| ৩৩ | এম ডি হোসেন, এসসিপিও (এক্স) (সিডি-১), সঃ সংখ্যা ৯০০৩১৯ | নৌ পারদর্শিতা পদক |
| ৩৪ | সৈয়দ মোঃ মোফাখারুল হক, ইআরএ-১, সঃ সংখ্যা ৮৩০৫৩৭ | নৌ পারদর্শিতা পদক |
| ৩৫ | শেখ ফরিদ আহমদ, আরইএ-২, সঃ সংখ্যা ২০১৩০০০৮ | নৌ পারদর্শিতা পদক |
| ৩৬ | আব্দুল মতিন শেখ, পিও (এনসিটি-১), সঃ সংখ্যা ২০০৩০৩২৩ | নৌ পারদর্শিতা পদক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ আবদুল আলীম খান**
যুগ্মসচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ মাঘ ১৪২৫/৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০০২.১৮.৫৪**—২০১৭ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী ২০১৭ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সভাপতি |
| ২. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | সদস্য |
| ৫. | ড. শফিউল আলম ভূইয়া, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফী, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬. | জনাব মনজুরুল আহসান বুলবুল, বিশিষ্ট সাংবাদিক ও সিইও, একুশে টিভি | সদস্য |
| ৭. | মিজ কোহিনুর আক্তার সুচন্দা, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী, ওল্ড ডিওএইচএস, রোড নং-৬, হাউজ নং-৭৬, কাকলী, বনানী, ঢাকা | সদস্য |
| ৮. | জনাব এম এ আলমগীর, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা ও প্রযোজক, ড্রীম ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা | সদস্য |
| ৯. | জনাব মোঃ রফিকুল আলম, বিশিষ্ট সঙ্গীত শিল্পী, ২/১৪০১ ইষ্টার্ণ উলানিয়া, ২নং সেগুনবাগিচা, ঢাকা-১০০০ | সদস্য |
| ১০. | জনাব মুশফিকুর রহমান, গুলজার, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি, বাড়ী-৫৬, সড়ক-৬/সি, সেক্টর-১২, উত্তরা, ঢাকা | সদস্য |
| ১১. | জনাব গংকজ পালিত, বিশিষ্ট চিত্রগ্রাহক, হাউজ ও প্লট-৪০, ফ্ল্যাট-৭/বি, রোড-০১, শেখের টেক, পিসি কালচার সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | সদস্য |
| ১২. | জনাব সুজেয় শ্যাম, বিশিষ্ট সংগীত পরিচালক, বাসা নং-৬৪ (৩য় তলা), ব্লক-এ, রোড-৬, পল্লবী, মিরপুর-১২, ঢাকা | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

২। **জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ :**

(১) জুরি বোর্ড ২০১৭ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(২) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(৩) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(৪) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(৫) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(৬) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(৭) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(৮) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(৯) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ডের নীতিমালা অনুসরণ করতে হবে।

৩। **নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে :**

| | | | |
|---|---|---|---|
| ১ | আজীবন সম্মাননা | ২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ৪ | শ্রেষ্ঠ প্রামান্য চলচ্চিত্র |
| ৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শ্রেষ্ঠ শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ২ (দুই) মাসের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০০২.১৮.৫৫**—২০১৮ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী ২০১৮ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সভাপতি |
| ২. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | সদস্য |
| ৫. | চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফী, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬. | ড. ইনামুল হক, বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা, ১নং নিউ বেইলি রোড, ফ্ল্যাট-কে/৭, বেইল রিজ, ঢাকা | সদস্য |
| ৭. | জনাব ফকির আলমগীর, বিশিষ্ট সংগীত শিল্পী, ২৫৯/বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা-১২১৯ | সদস্য |
| ৮. | জনাব শ্যামল দত্ত, সম্পাদক, দৈনিক ভোরের কাগজ, কর্ণফুলী পয়েন্ট, মালিবাগ, ঢাকা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | জনাব হাসান মতিউর রহমান, গীতিকার ও সংগীত পরিচালক, ২৮৭/বি নয়াটোলা (আমবাগান) মগবাজার, ঢাকা-১২১৭ | সদস্য |
| ১০. | মিজ রওশন আরা রোজিনা, অভিনেত্রী, বাড়ি-১৬, রোড-১৯, সেক্টর-৪, উত্তরা, ঢাকা | সদস্য |
| ১১. | জনাব মুশফিকুর রহমান গুলজার, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি, বাড়ী-৫৬, সড়ক-৬/সি, সেক্টর-১২, উত্তরা, ঢাকা | সদস্য |
| ১২. | জনাব তপন আহমেদ, যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ চলচ্চিত্র গ্রাহক সংস্থা, রোড নং-১, বাড়ী নং-২১, ব্লক-বি, রাজাবাড়ী, উত্তরা, ঢাকা | সদস্য |
| ১৩. | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

২। **জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ :**

(১) জুরি বোর্ড ২০১৮ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(২) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(৩) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(৪) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(৫) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(৬) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(৭) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(৮) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(৯) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ডের নীতিমালা অনুসরণ করতে হবে।

৩। **নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে :**

| | | | |
|---|---|---|---|
| ১ | আজীবন সম্মাননা | ২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ৪ | শ্রেষ্ঠ প্রামান্য চলচ্চিত্র |
| ৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শ্রেষ্ঠ শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ২ (দুই) মাসের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।